# Obila®

Bilastine INN

## Composition

**Obila®** 20 tablet: Each tablet contains Bilastine INN 20 mg.
**Obila®** 10 ODT: Each oral dispersible tablet contains Bilastine INN 10 mg.
**Obila®** syrup: Each 5 mL contains Bilastine INN 12.5 mg.

## Pharmacology

**Obila®** is a preparation of bilastine which is a non-sedating, long acting histamine antagonist with selective peripheral $H_1$ receptor antagonist affinity and no affinity for muscarinic receptors. Bilastine inhibits histamine induced skin reactions for 24 hours.

## Indication

**Obila®** is indicated for the treatment of allergic rhino-conjunctivitis (seasonal and perennial) and urticaria. It is also indicated for relief of the symptoms of hayfever (sneezing, runny, blocked-up nose and red and watery eyes) and other forms of allergic rhinitis. It may also be used to treat itchy skin rashes.

## Dose and administration

***Route of administration:*** **Obila®** should be administered in oral route one hour before or two hours after intake of food.
The recommended dose in adults, including the elderly and adolescents aged 12 years and over is one **Obila®** 20 tablet once daily.
The recommended dose in children between 6 to 11 years of age with a body weight of at least 20 kg is 10 mg bilastine once daily (one **Obila®** 10 ODT once daily or **Obila®** syrup 4 mL once daily) limited to the period of exposure to allergens.

## Contraindication

It is contraindicated in patients with known hypersensitivity to bilastine or any other components of this product.

## Warning and precaution

Caution should be taken in patients with moderate to severe renal impairment.

## Side effects

The most common side effects are headache, drowsiness, rhinitis, allergic conjunctivitis and abdominal pain.

## Use in pregnancy and lactation

**Pregnancy:** There are no well controlled studies of pregnant women exposed to bilastine of a drug-associated risk of major birth defects, miscarriage or adverse maternal or fetal outcomes.

**Lactation:** There is no information on the effects of bilastine on milk production. The developmental and health benefits should be considered along with the mother's clinical need for bilastine and any potential adverse effects on the breastfed child from bilastine or from the mother's underlying condition.

## Use in children and adolescents

Safety and effectiveness in pediatric patients below 6 years of age with a body weight below 20 kg have not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** Caution should be taken in concomitant use with ketoconazole, erythromycin, diltiazem, cyclosporine, ritonavir and rifampicin.

**Drug interaction with food and others:** Fruit juice.

## Overdose

In the event of overdose, general supportive measures and proper monitoring should be initiated.

## Storage

Store below 30°C in a dry place, protected from light. Keep away from the reach of children.

## Packing

**Obila®** 20 tablet: Carton of 30 tablets in blister pack.
**Obila®** 10 ODT: Carton of 30 tablets in blister pack.
**Obila®** syrup: Bottle of 60 mL.

® Registered Trade Mark

Manufactured by
**ACI HealthCare Limited**
Sonargaon Museum Gate-1 Road, Treepordi
Sonargaon, Narayanganj-1440, Bangladesh
for
**Advanced Chemical Industries PLC.**
7, Hajeegonj Road, Godnyl, Narayanganj, Bangladesh

5100000479

# ওবিলা®

বিলাস্টিন আইএনএন

## উপাদান

**ওবিলা®** ২০ ট্যাবলেটঃ প্রতি ট্যাবলেটে আছে বিলাস্টিন আইএনএন ২০ মিগ্রা।
**ওবিলা®** ১০ ওডিটিঃ প্রতি ওরাল ডিসপারসিবল ট্যাবলেটে আছে বিলাস্টিন আইএনএন ১০ মিগ্রা।
**ওবিলা®** সিরাপঃ প্রতি ৫ মিলিতে আছে বিলাস্টিন আইএনএন ১২.৫ মিগ্রা।

## ফার্মাকোলজি

**ওবিলা®** হলো বিলাস্টিন দ্বারা তৈরি যা একটি তন্দ্রাচ্ছন্নতাহীন, দীর্ঘসময় কার্যকরী হিস্টামিন এন্টাগনিস্ট যার পেরিফেরাল $H_1$ রিসেপ্টরের প্রতি সিলেক্টিভ এন্টাগনিস্ট প্রবণতা রয়েছে এবং মাসকারিনিক রিসেপ্টরের প্রতি কোন আকর্ষণ নেই। বিলাস্টিন হিস্টামিনঘটিত ত্বকের প্রতিক্রিয়া ২৪ ঘণ্টার জন্য প্রতিরোধ করে।

## নির্দেশনা

**ওবিলা®** এলার্জিক রাইনো-কনজাংটিভাইটিস (সিজনাল এবং পেরেনিয়াল) এবং আরটিকেরিয়ার চিকিৎসায় নির্দেশিত। এছাড়া হে ফিভার (হাঁচি, নাক দিয়ে পানি পড়া, নাক-বন্ধ এবং চোখ লাল হয়ে যাওয়া ও চোখ দিয়ে পানি পড়া) এবং অন্যান্য ধরনের এলার্জিক রাইনাইটিস এর লক্ষণসমূহের চিকিৎসাতেও এটি নির্দেশিত। এটি ত্বকের চুলকানিসহ র‍্যাশের চিকিৎসায় ব্যবহার করা যেতে পারে।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ*** **ওবিলা®** খাওয়ার এক ঘণ্টা পূর্বে বা খাওয়ার দুই ঘণ্টা পরে মুখে গ্রহণ করতে হবে।
প্রাপ্তবয়স্ক, বয়স্ক রোগী এবং ১২ বছর বা তার বেশি বয়সের কিশোরদের ক্ষেত্রে নির্দেশিত মাত্রা একটি **ওবিলা®** ২০ ট্যাবলেট দিনে একবার।
৬ থেকে ১১ বছর বয়সের ন্যূনতম ২০ কেজি ওজনের শিশুদের ক্ষেত্রে নির্দেশিত মাত্রা ১০ মিগ্রা বিলাস্টিন দিনে একবার (একটি **ওবিলা®** ১০ ওডিটি দিনে একবার বা **ওবিলা®** সিরাপ ৪ মিলি দিনে একবার) এলার্জেনের প্রভাব থাকাকালীন সময় পর্যন্ত।

## প্রতিনির্দেশনা

যেসব রোগীদের বিলাস্টিন বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

মৃদু থেকে গুরুতর বৃক্কীয় অকার্যকারিতার রোগীদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো মাথাব্যথা, তন্দ্রাচ্ছন্নতা, রাইনাইটিস, এলার্জিক কনজাংটিভাইটিস এবং পেটে ব্যথা।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে বিলাস্টিনের ব্যবহার এবং এর সাথে সম্পর্কিত গুরুতর জন্মগত ত্রুটি, গর্ভপাত বা মায়ের বা ভ্রূণের উপর বিরূপ প্রতিক্রিয়ার কোন সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায়নি।

**স্তন্যদানকালেঃ** বিলাস্টিনের মাতৃদুগ্ধ উৎপাদনের উপর কোন সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায়নি। বিলাস্টিনের জন্য মায়ের ক্লিনিক্যাল প্রয়োজনীয়তা বিবেচনার সাথে সাথে মায়ের দুধ পানকারী শিশুর উপর বিলাস্টিন থেকে বা মায়ের বর্তমান শারীরিক অবস্থার কারণে সম্ভাব্য বিরূপ প্রতিক্রিয়া এবং স্তন্যদানের ফলে শিশুর বিকাশ ও স্বাস্থ্যগত উপকারিতাসমূহ বিবেচনা করতে হবে।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

৬ বছর বয়স ও ২০ কেজির কম ওজনের শিশুদের ক্ষেত্রে নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** কিটোকোনাজল, এরিথ্রোমাইসিন, ডিলটিয়াজেম, সাইক্লোস্পোরিন, রিটোনাভির ও রিফামপিসিনের সাথে একত্রে প্রয়োগের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

**খাবার এবং অন্য কিছুর সাথেঃ** ফলের রস।

## মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে উপযুক্ত সহায়ক যত্ন নিতে হবে এবং যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০° সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**ওবিলা®** ২০ ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**ওবিলা®** ১০ ওডিটিঃ প্রতি কার্টুনে ৩০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
**ওবিলা®** সিরাপঃ ৬০ মিলি বোতলে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

প্রস্তুতকারক

ACI

**এসিআই হেলথকেয়ার লিমিটেড**
সোনারগাঁ মিউজিয়াম গেট-১ রোড, ত্রিপরদী
সোনারগাঁ, নারায়ণগঞ্জ-১৪৪০, বাংলাদেশ

বাজারজাতকারক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল, নারায়ণগঞ্জ, বাংলাদেশ